The Daily Star
03 NOV 2025

# Uncertainties driving away RMG work orders

## Business leaders say at a seminar

**STAFF CORRESPONDENT**

A portion of fresh apparel work orders are moving from Bangladesh to other countries because of political uncertainty and gas and electricity supply crises, said a group of trade body leaders and exporters yesterday.

"We are in a risky place," said Showkat Aziz Russell, president of the Bangladesh Textile Mills Association (BTMA), at a seminar organised by the Bangladesh Garment Buying House Association (BGBA) on the current challenges in the garment sector and the way forward.

He called on the interim government to hold the election on time and to hand over power to the elected government.

The inflow of work orders from international clothing retailers and brands is slowing, he said.

"But the data is being presented in the wrong way -- like the previous government did. The current government is also not noticing the problems like a blind person. It is a matter of grief that the newly-elected BGMEA president could not avail an appointment of the chief adviser in 120 days."

The members of the BTMA, the Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA), the Bangladesh Knitwear Manufacturers and Exporters Association (BKMEA) and the BGBA have already invested $75 billion and account for 85 percent of the total exports, he added.

Because of the gas crisis and three to four hours load-shedding, factories cannot make goods in timely manner, said Mohammed Zakir Hossain, secretary general of BGBA.

"We are passing through a bad time because of the current overall uncertain situation of the country -- if those challenges are not resolved soon, the crisis will only deepen further," said Mohammad Rashed, vice-president of BKMEA.

A portion of expected work orders are shifting to other countries or taking longer to finalise, said BGMEA Director Faisal Samad.

"The garment sector has turned into a crisis management sector, as every day there is a new crisis."

**"The current government is also not noticing the problems like a blind person. It is a matter of grief that the newly-elected BGMEA president could not avail an appointment of the chief adviser in 120 days."**



**Showkat Aziz Russell,** president of the Bangladesh Textile Mills Association

He and former BGMEA director Shovon Islam criticised the government for reducing the signatories needed for forming a trade union in factories from 50 to 20.

BNP Standing Committee Member Amir Khasru Mahmud Chowdhury said if his party comes to power, it will defer the LDC graduation as the businesses need a lot of preparation for smooth graduation.

The Daily Star

03 NOV 2025

# Govt to amend import policy to facilitate exports

## CA office reports notable progress in trade and investment reforms

STAR BUSINESS REPORT

The government has taken a series of measures to reform trade policy, modernise ports and facilitate faster movement of goods, as well as develop digital infrastructure to improve the investment climate, according to a statement issued by the Chief Adviser's Office yesterday.

Of the steps, the commerce ministry would amend the import policy order within two weeks, removing quotas on importing raw materials free of charge for fully export-oriented factories.

At present, exporters can bring in up to half the value of raw materials against confirmed export orders without cost. Once the import policy order is revised, they will be able to bring in raw materials without any quota.

"This reform is expected to significantly reduce inventory costs and enhance competitiveness," the CA office said, adding that it could have a substantial impact on exports.

**"This reform is expected to significantly reduce inventory costs and enhance competitiveness," the CA office said**

Md Mohiuddin Rubel, a former director of the Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA), said this decision makes it much easier to handle small, high-value, and urgent fast-fashion orders.

"By eliminating in-house bottlenecks, we are accelerating production and reducing costs. Foreign buyers who supply specialised raw materials can now better maintain their required quality, which speeds up order cycles," said the business leader.

The CA office statement also highlighted the launch of the Bangladesh Business Portal in September as a unified online gateway for investors.

The platform aims to combine 29 government services into one system. Thus, it moves to ensure data interoperability with the Bangladesh Single Window (BSW), the Automated System for Customs Data (ASYCUDA), which manages international trade and transport operations, and the Customs Bond Management System (CBMS).

The initiative aligns with Bangladesh's broader digital governance strategy and responds directly to investor feedback, which calls for reduced processing times and enhanced transparency, said the press release issued after a meeting of the investment coordination committee chaired by Lutfey Siddiqi, special envoy on international affairs to the chief adviser.

"We have a long way to go, but we are going there with clear intent, rigour and transparency," Siddiqi said at the meeting.

Bangladesh Bank Governor Ahsan H Mansur, Faiz Ahmad Taiyeb, special assistant to the chief adviser, Bangladesh Investment Development Authority (Bida) Executive Chairman Chowdhury Ashik Mahmud Bin Harun, National Board of Revenue (NBR) Chairman Abdur Rahman Khan, as well as secretaries and business representatives, were also present.

To ease congestion and speed up cargo movement at Chattogram Port, construction of the Laldia yard and Taltala container yard is underway, with the latter's 6.25-acre facility expected to open soon.

To clear more than 6,000 containers currently stuck at the port, auctions have already been held for 403 containers. A seven-member expert committee is also working to establish clear protocols for the disposal of dangerous goods.

The CA Office said new scanner procurement guidelines now allow the port authority to purchase scanners, using specifications provided by the NBR.

According to the statement, in response to private sector requests, the central bank has enabled Real-Time Gross Settlement services at bank branches near ports and is working to ensure round-the-clock availability to reflect the needs of international trade.

"Bangladesh Bank is developing full flowchart documentation of payment procedures for export and import transactions, which will be shared digitally to clearly explain regulatory steps," it said.

According to the CA office, the government has also streamlined business registration and licensing.

তথ্য কেন্দ্র ঢাকা

The Business Standard

03 NOV 2025

# Airport fire causes huge intangible loss to RMG exporters, say industry leaders

APPAREL – BANGLADESH

TBS REPORT

## Orders being shifted to other countries as buyers' confidence shaken, buying house association says



Garment owners fear order losses

- They warn of reputational damage
- 250 factories on the verge of closure
- National polls at earliest demanded to conduct business freely

The country's ready-made garment (RMG) owners have expressed deep concern that the recent fire at Dhaka's Hazrat Shahjalal International Airport could lead to the loss of export orders, further straining the already struggling apparel sector.

At a discussion titled "The Current Crisis and Path to Recovery of Bangladesh's Ready-Made Garment (RMG) Industry," organised by the Bangladesh Garment Buying House Association in Dhaka yesterday, industry leaders warned that the incident had badly damaged Bangladesh's reputation as a reliable sourcing destination.

Shawkat Aziz Russell, president of the Bangladesh Textile Mills Association (BTMA), said, "The world will think twice before placing orders in a country where even the international airport catches fire. Factories are burning, homes are burning – now the airport too. The tangible loss is significant, but the intangible loss is far greater, though invisible to the eye."

Referring to the worsening business environment, he added, "Businesses are shutting down, banks are closing. Please, give us elections so that we can conduct business freely."

### Concerns over declining buyer confidence

Mohammad Mofazzal Hosen Pabel, president of the Garment Buying House Association, said the airport fire had shaken buyers' confidence. "Bangladesh's apparel export industry is now under threat. Buyers no longer trust that future orders will be delivered on time, so they are shifting orders to other countries at higher prices," he said, adding that "around 250 factories are already on the verge of closure."

Faisal Samad, director of the Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA), warned that the loss of samples and accessories in the airport fire could disrupt upcoming business seasons. "If an order's sample is destroyed, it may affect next season's deals. A burnt accessory worth only $2,000 might cost us a $20,000 business opportunity," he said.

He further complained that bureaucratic complications at the airport had paralysed courier services, preventing the smooth delivery of imported goods. "The BGMEA and the BKMEA jointly arranged temporary tents with financial assistance, but due to bureaucratic delays, couriers still cannot place imported goods properly, leading to delivery failures," Samad said.

### Industry under severe pressure

Shovon Islam, managing director of Sparrow Group, one of Bangladesh's leading apparel exporters, said orders had been declining for the past three months without any policy support from the government. "The situation is worse than during Covid-19," he said, noting that several factories had been classified as defaulters after failing to repay loans.

He also criticised the government's move to allow the formation of trade unions with as few as 20 workers, saying such a measure would be disastrous for the industry.

Former commerce minister and BNP standing committee member Amir Khasru Mahmud Chowdhury, who attended the event as chief guest, said Bangladesh's business environment suffers from "overregulation," which increases operational costs. "If the BNP returns to power, we will move towards deregulation, even if it is painful," he said.

### Chief adviser's press secretary slammed

In a separate, sharp rebuke, Shawkat Aziz Russell strongly criticised Shafiqul Alam, the chief adviser's press secretary, describing his public statements as "talking like a lunatic."

The BTMA president questioned the competence of government appointments, stating, "If the right person does not go to the right place, the right decision will not be made." He backed the recent complaint made by the BGMEA president, who has struggled to secure a meeting with the chief adviser, asking: "It is a matter of great sadness that the BGMEA president has not yet secured a meeting with the chief adviser. Then why did you (the chief adviser) take on this responsibility?"

Russell directly addressed the press secretary, stating, "We are all dying, factories are closing, people are losing their jobs... Do you not see this?" He then reiterated his demand for an election to rescue the country from the crisis.

সমকাল

03 NOV 2025

# পোশাকের রপ্তানি আদেশ প্রতিযোগী দেশে যাচ্ছে

সমকাল প্রতিবেদক

রাজনৈতিক অনিশ্চয়তা, গ্যাস সংকট ও বিদ্যুৎ ঘাটতির কারণে তৈরি পোশাক খাতে নতুন অনেক কার্যাদেশ প্রতিযোগী দেশে চলে যাচ্ছে। এ অবস্থা অব্যাহত থাকলে এ খাতের রপ্তানি কমবে, যা দেশের অর্থনীতিকে বিপদে ফেলবে।

গতকাল রোববার রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে বাংলাদেশ গার্মেন্ট বায়িং হাউস অ্যাসোসিয়েশন (বিজিবিএ) আয়োজিত 'বর্তমান চ্যালেঞ্জ ও করণীয়' শীর্ষক সেমিনারে বক্তারা এসব মন্তব্য করেন। বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী এতে প্রধান অতিথি ছিলেন।

আলোচনায় তিনি বলেন, তাঁর দল ক্ষমতায় গেলে স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে উত্তরণের সময় বাড়ানোর জন্য কাজ করবে, যাতে ব্যবসায়ীরা প্রস্তুতির সুযোগ পান। বেসরকারি খাতনির্ভর প্রবৃদ্ধি ও রপ্তানিবান্ধব অর্থনীতি গড়ে তোলা হবে। এ জন্য অপ্রয়োজনীয় বিধিনিষেধ তুলে দিয়ে ব্যবসায়িক প্রক্রিয়া সহজ করতে পদক্ষেপ নেওয়া হবে। বর্তমান সরকারের সময়ে ব্যাংক খাত থেকে কিছু ব্যবসায়ী অর্থ লুট করেছেন বলে অভিযোগ করেন তিনি। এ কারণে আর্থিক খাত নাজুক হয়ে পড়েছে। ব্যবসায়ীদের মধ্যে আস্থার পরিবেশ ফিরিয়ে আনতে হলে বিনিয়োগবান্ধব নীতি ও প্রশাসনিক সংস্কারের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন তিনি।

বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশনের (বিটিএমএ) সভাপতি শওকত আজিজ রাসেল বলেন, টেক্সটাইল ও পোশাক খাত জাতীয় রপ্তানির ৮৫ শতাংশের বেশি অবদান রাখছে। তারপরও এই খাতের প্রতিনিধি হিসেবে তারা সরকারের শীর্ষ পর্যায়ের সঙ্গে আলোচনার সুযোগ পাচ্ছেন না। এতে বিনিয়োগকারীদের মধ্যে হতাশা বাড়ছে। তিনি আরও বলেন, ঢাকা বিমানবন্দরের সাম্প্রতিক অগ্নিকাণ্ড দেশের ভাবমূর্তি ক্ষুণ্ণ করেছে। নতুন অর্ডার প্রবাহে ধীরগতি দেখা যাচ্ছে।

## সেমিনারে অভিযোগ

> বিমানবন্দরের জটিলতা, আমলাতান্ত্রিক বাধা মিলিয়ে গার্মেন্ট খাত সংকট ব্যবস্থাপনার খাতে পরিণত হয়েছে
>
> **ফয়সাল সামাদ,** বিজিএমইএর পরিচালক

আলোচনায় বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিকেএমইএ) সহসভাপতি মোহাম্মদ রাশেদ বলেন, তারা এখন কঠিন সময় পার করছেন। দেশের সার্বিক অনিশ্চয়তার কারণে আন্তর্জাতিক ক্রেতারা নতুন রপ্তানি আদেশ দিতে দ্বিধাগ্রস্ত হচ্ছেন। এই সংকট আরও গভীর হতে পারে।

বিজিএমইএর পরিচালক ফয়সাল সামাদ বলেন, গ্যাস ও বিদ্যুৎ সংকট, বিমানবন্দরের জটিলতা, আমলাতান্ত্রিক বাধা সব মিলিয়ে গার্মেন্টস খাত এখন সংকট ব্যবস্থাপনার খাতে পরিণত হয়েছে। তিনি শ্রমিক ইউনিয়ন গঠনের ক্ষেত্রে ৫০ জনের পরিবর্তে ২০ জন শ্রমিকের সীমা নির্ধারণের সরকারি সিদ্ধান্তেরও সমালোচনা করেন।

বিজিবিএর মহাসচিব মোহাম্মদ জাকির হোসেন বলেন, গ্যাস সংকট ও প্রতিদিন তিন-চার ঘণ্টার লোডশেডিংয়ে উৎপাদন মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। এতে সময়মতো পণ্য পাঠানো যাচ্ছে না, ফলে ব্যবসায়ীরা বাধ্য হচ্ছেন আকাশ পথে পণ্য পাঠাতে, যা আর্থিক ক্ষতির বড় কারণ। তিনি সরকারের কাছে ২০৩০ সালের মধ্যে ১০০ বিলিয়ন ডলারের রপ্তানির লক্ষ্য অর্জনে স্পষ্ট রোডম্যাপ প্রণয়নের দাবি জানান।

**প্রেস সচিব উন্মাদের মতো কথা বলেন : বিটিএমএ সভাপতি**

আলোচনায় প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম 'উন্মাদের মতো কথা বলেন' বলে মন্তব্য করেছেন বিটিএমএ সভাপতি শওকত আজিজ রাসেল। প্রেস সচিবকে উদ্দেশ করে বিটিএমএ সভাপতি বলেন, 'আমরা সবাই মরে যাচ্ছি, ফ্যাক্টরি বন্ধ হচ্ছে, মানুষ চাকরিচ্যুত হচ্ছে। আপনি কি দেখেন না এসব?' এ সময় তিনি আরও বলেন, 'যেখানে এয়ারপোর্ট পোড়ে, সেখানে কি বিদেশি ক্রেতারা অর্ডার দেবে? এর ইনটেনজিবল (অদৃশ্য) ক্ষতি অনেক বেশি।' সরকারের উদ্দেশে তিনি বলেন, 'নির্বাচন দিয়ে আমাদের মুক্তি দিন।' প্রেস সচিবকে উদ্দেশ করে তিনি আরও বলেন, 'তাঁর একটা পেজ (ফেসবুক পেজ) আছে, উল্টাপাল্টা কথা বলে মানুষকে বিব্রত করেন। সঠিক লোক যদি সঠিক জায়গায় না যায়, তাহলে সঠিক সিদ্ধান্তও হবে না।'

শওকত আজিজ রাসেলের এই বক্তব্যের জবাবে গত রাতে প্রেস সচিব শফিকুল আলম তাঁর ফেসবুক পেজে লিখেন, 'আজ, শওকত আজিজ রাসেল বলেছেন, আমি উন্মাদের মতো কথা বলি। আমার একটি মন্তব্যের জের ধরে তিনি হয়তো এ কথা বলেছেন। আমি তাঁকে উন্মাদ লিখেছিলাম, যখন তিনি প্রকৃত উন্মাদের মতোই কথা বলতেন। হয়তো সেই লেখার পর থেকে তিনি রেগে আছেন'।

এর আগে গত মে মাসে ব্যবসায়ীদের সংবাদ সম্মেলনে বিটিএমএ সভাপতি বলেছিলেন, '১৯৭১ সালে খুঁজে খুঁজে বুদ্ধিজীবীদের হত্যা করা হয়েছে। ২০২৫ সালে শুধু শিল্প নয়, শিল্পোদ্যোক্তাদের ফেলা হচ্ছে– এটাকে আমরা ষড়যন্ত্র মনে করি

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

বণিক বার্তা
03 NOV 2025

| সাল | ২০২৪ |
|---|---|
| রফতানি | ১,৯৮৮ |
| আমদানি | ২৩০.৪০ |

২০২৩ সালে ইইউর প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগ (এফডিআই স্টক) ২১০ কোটি ইউরো

ইইউর সঙ্গে বাংলাদেশের বাণিজ্য (কোটি ইউরো)

সূত্র : ইইউ

১৩টি চ্যালেঞ্জ বাংলাদেশ-ইইউর দীর্ঘমেয়াদি ও গভীর অর্থনৈতিক সম্পর্ককে প্রভাবিত করছে জানিয়ে বাণিজ্য মন্ত্রণালয়ে একটি চিঠি পাঠিয়েছে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) বাংলাদেশ ডেলিগেশন



# বাণিজ্যে যুক্তরাষ্ট্রের সমরূপ ছাড় চায় ইউরোপীয় ইউনিয়ন

বদরুল আলম

বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতি ৬ বিলিয়ন ডলারের। এ ঘাটতি কমিয়ে আনতে রেসিপ্রোকাল ট্যারিফ এগ্রিমেন্ট বা পাল্টা শুল্ক চুক্তির আওতায় যুক্তরাষ্ট্র থেকে গম, সয়াবিন, তুলা, উড়োজাহাজ ক্রয়সহ বেশকিছু প্রতিশ্রুতি দিয়েছে বাংলাদেশ। যুক্তরাষ্ট্রকে এসব প্রতিশ্রুতি দেয়ার পর এখন একই ধরনের সুবিধা আদায়ে তৎপর হয়েছে জাপানসহ বিভিন্ন দেশ। সর্বশেষ ইউরোপীয় ইউনিয়নভুক্ত (ইইউ) দেশগুলো বাংলাদেশের সঙ্গে বাণিজ্যে সমতা আনতে সচেষ্ট হয়েছে। এ লক্ষ্য অর্জনে তারা যুক্তরাষ্ট্রের মতো সমরূপ বাণিজ্যে ছাড় চাইছে। বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্কে ন্যায্যতা নিশ্চিতের প্রত্যাশায় বাংলাদেশকে দরকষাকষির টেবিলে আনতে বাণিজ্য মন্ত্রণালয়কে একটি চিঠিও পাঠিয়েছে ইইউর বাংলাদেশ ডেলিগেশন বা প্রতিনিধি দলের কার্যালয়।

বাণিজ্য মন্ত্রণালয় ও বাংলাদেশে ইইউ ডেলিগেশন সূত্রে জানা গেছে, গত সেপ্টেম্বরে বাণিজ্য মন্ত্রণালয়ের উপদেষ্টা শেখ বশিরউদ্দীন বরাবর একটি চিঠি পাঠিয়েছে ইইউ বাংলাদেশ প্রতিনিধি দলের কার্যালয়। এ চিঠিতে বাংলাদেশ-ইইউ বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক-সংক্রান্ত চ্যালেঞ্জগুলোর একটি তালিকা সংযুক্ত করা, গৃহীত হয়েছে। সেগুলো নির্দেশনা আকারে লিখিতভাবে অংশীজনদের জানানোর প্রক্রিয়া দ্রুতই শুরু হবে বলে জানা গেছে।

চিঠির প্রেক্ষাপট নিয়ে বণিক বার্তার তথ্যানুসন্ধান জানাচ্ছে, যুক্তরাষ্ট্রের ট্রাম্প প্রশাসন বাণিজ্য ঘাটতি ও প্রতিবন্ধকতার কারণ দেখিয়ে বাংলাদেশ সরকারকে দরকষাকষির টেবিলে বসিয়েছিল। সেই আলোচনার আদলে ইইউর পক্ষ থেকেও কিছু উদ্বেগ চিহ্নিত করে বাংলাদেশ সরকারকে সেগুলো বিবেচনায় নিতে বলা হয়েছে।

ইইউ-সংশ্লিষ্ট বাংলাদেশের কর্মকর্তারা জানিয়েছেন, সরকার যুক্তরাষ্ট্রের রেসিপ্রোকাল ট্যারিফ চুক্তির আওতায় বেশকিছু পদক্ষেপ নিয়েছে। এখন অন্যান্য বড় বাণিজ্য অংশীদারও তাদের উদ্বেগ উত্থাপন করতে শুরু করেছে। এক্ষেত্রে ইইউর ভাবনা হলো ৬ বিলিয়ন ডলারের বাণিজ্য ঘাটতি কমাতে বাংলাদেশ যখন যুক্তরাষ্ট্রকে বড় ধরনের ছাড় দিচ্ছে, তখন বাংলাদেশের সঙ্গে ইইউর বাণিজ্য ঘাটতির পরিমাণ এর প্রায় তিন গুণ; যা ১৭ বিলিয়ন ইউরো বা ডলারে আরো বেশি। এ বাণিজ্য ঘাটতি কমিয়ে আনতে এখন ইইউ বাণিজ্য সুবিধা বা ছাড় প্রত্যাশা করছে।

জানতে চাইলে নাম প্রকাশ না করার শর্তে ইইউ-সংশ্লিষ্ট এক কর্মকর্তা বণিক বার্তাকে বাণিজ্য সম্পর্ক আরো নিবিড় হওয়া সম্ভব।'

চিঠিতে উল্লেখ করা উদ্বেগগুলো বিবেচনায় নিলে ইইউ ধরে নেবে মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) করতে যে উদ্যোগ বাংলাদেশ নিয়েছে তার প্রস্তুতি শুরু হয়েছে এবং বিষয়টিকে বাংলাদেশ যথেষ্ট গুরুত্ব দিচ্ছে—এমন মত প্রকাশ করে সংশ্লিষ্ট ওই কর্মকর্তা বণিক বার্তাকে আরো বলেন, 'ইইউর উত্থাপন করা বিষয়গুলোয় বাংলাদেশ যথাযথ গুরুত্ব দিলে তা এফটিএ সহায়ক হবে। অর্থাৎ বাংলাদেশ চ্যালেঞ্জগুলো সমাধানের পথে অগ্রসর হলে এফটিএর জন্য সহায়ক পরিবেশ তৈরি সহজ হবে।'

জানা গেছে, ইইউ আগামী বছরের শেষের দিকে বাংলাদেশসহ বিভিন্ন দেশের সঙ্গে বিজনেস ফোরাম করতে চাচ্ছে। দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক শক্তিশালী করতে সেই ধারাবাহিকতায় বেসরকারি খাতকে অন্তর্ভুক্ত করে বাংলাদেশের সঙ্গেও ফোরাম অনুষ্ঠিত হবে। অন্তর্বর্তী সরকারের হাতে খুব বেশি সময় না থাকায় নতুন সরকার এলে ফোরামের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে ইইউ। সব মিলিয়ে ইইউর চিঠিটি যুক্তরাষ্ট্রের সঙ্গে রেসিপ্রোকাল ট্যারিফ চুক্তিবিষয়ক প্রতিশ্রুতির প্রেক্ষাপটে বিশেষ গুরুত্ব বহন করছে।

বাণিজ্য মন্ত্রণালয়কে দেয়া ইইউ বাংলাদেশ ডেলিগেশনের চিঠিতে ১৩টি চ্যালেঞ্জের মধ্যে

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো



# বাণিজ্যে যুক্তরাষ্ট্রের সমরূপ ছাড় চায় ইউরোপীয় ইউনিয়ন

বদরুল আলম ■

বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতি ৬ বিলিয়ন ডলারের। এ ঘাটতি কমিয়ে আনতে রেসিপ্রোকাল ট্যারিফ এগ্রিমেন্ট বা পাল্টা শুল্ক চুক্তির আওতায় যুক্তরাষ্ট্র থেকে গম, সয়াবিন, তুলা, উড়োজাহাজ ক্রয়সহ বেশকিছু প্রতিশ্রুতি দিয়েছে বাংলাদেশ। যুক্তরাষ্ট্রকে এসব প্রতিশ্রুতি দেয়ার পর এখন একই ধরনের সুবিধা আদায়ে তৎপর হয়েছে জাপানসহ বিভিন্ন দেশ। সর্বশেষ ইউরোপীয় ইউনিয়নভুক্ত (ইইউ) দেশগুলো বাংলাদেশের সঙ্গে বাণিজ্যে সমতা আনতে সচেষ্ট হয়েছে। এ লক্ষ্য অর্জনে তারা যুক্তরাষ্ট্রের মতো সমরূপ বাণিজ্যে ছাড় চাইছে। বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্কে ন্যায্যতা নিশ্চিতের প্রত্যাশায় বাংলাদেশকে দরকষাকষির টেবিলে আনতে বাণিজ্য মন্ত্রণালয়কে একটি চিঠিও পাঠিয়েছে ইইউর বাংলাদেশ ডেলিগেশন বা প্রতিনিধি দলের কার্যালয়।

বাণিজ্য মন্ত্রণালয় ও বাংলাদেশে ইইউ ডেলিগেশন সূত্রে জানা গেছে, গত সেপ্টেম্বরে বাণিজ্য মন্ত্রণালয়ের উপদেষ্টা শেখ বশিরউদ্দীন বরাবর একটি চিঠি পাঠিয়েছে ইইউ বাংলাদেশ প্রতিনিধি দলের কার্যালয়। এ চিঠিতে বাংলাদেশ-ইইউ বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক-সংক্রান্ত চ্যালেঞ্জগুলোর একটি তালিকা সংযুক্ত করা হয়েছে। চিহ্নিত নন-ট্যারিফ, নিয়ন্ত্রক, অন্যান্যসহ মোট ১৩টি চ্যালেঞ্জ বাংলাদেশ-ইইউর দীর্ঘমেয়াদি ও গভীর অর্থনৈতিক সম্পর্ককে প্রভাবিত করছে বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে।

বাণিজ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, গত সপ্তাহে ইইউর চিঠির বিষয়বস্তু নিয়ে সংশ্লিষ্ট অংশীজনের সঙ্গে আলোচনার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। চ্যালেঞ্জ উত্তরণে বেশকিছু সিদ্ধান্তও গৃহীত হয়েছে। সেগুলো নির্দেশনা আকারে লিখিতভাবে অংশীজনদের জানানোর প্রক্রিয়া দ্রুতই শুরু হবে বলে জানা গেছে।

চিঠির প্রেক্ষাপট নিয়ে বণিক বার্তার তথ্যানুসন্ধান জানাচ্ছে, যুক্তরাষ্ট্রের ট্রাম্প প্রশাসন বাণিজ্য ঘাটতি ও প্রতিবন্ধকতার কারণ দেখিয়ে বাংলাদেশ সরকারকে দরকষাকষির টেবিলে বসিয়েছিল। সেই আলোচনার আদলে ইইউর পক্ষ থেকেও কিছু উদ্বেগ চিহ্নিত করে বাংলাদেশ সরকারকে সেগুলো বিবেচনায় নিতে বলা হয়েছে।

ইইউ-সংশ্লিষ্ট বাংলাদেশের কর্মকর্তারা জানিয়েছেন, সরকার যুক্তরাষ্ট্রের রেসিপ্রোকাল ট্যারিফ চুক্তির আওতায় বেশকিছু পদক্ষেপ নিয়েছে। এখন অন্যান্য বড় বাণিজ্য অংশীদারও তাদের উদ্বেগ উত্থাপন করতে শুরু করেছে। এক্ষেত্রে ইইউর ভাবনা হলো ৬ বিলিয়ন ডলারের বাণিজ্য ঘাটতি কমাতে বাংলাদেশ যখন যুক্তরাষ্ট্রকে বড় ধরনের ছাড় দিচ্ছে, তখন বাংলাদেশের সঙ্গে ইইউর বাণিজ্য ঘাটতির পরিমাণ এর প্রায় তিন গুণ; যা ১৭ বিলিয়ন ইউরো বা ডলারে আরো বেশি। এ বাণিজ্য ঘাটতি কমিয়ে আনতে এখন ইইউ বাণিজ্য সুবিধা বা ছাড় প্রত্যাশা করছে।

জানতে চাইলে নাম প্রকাশ না করার শর্তে ইইউ-সংশ্লিষ্ট এক কর্মকর্তা বণিক বার্তাকে বলেন, 'নন-ট্যারিফ বাধাসহ আরো কিছু চ্যালেঞ্জের তালিকা আমরা সরকারকে দিয়েছি। যুক্তরাষ্ট্রের ট্রাম্প প্রশাসন এ ধরনের বাণিজ্য ঘটতি বা প্রতিবন্ধকতা নিয়ে বাংলাদেশ সরকারকে দরকষাকষির টেবিলে বসিয়েছিল। সেই আলোচনার আদলে ইইউর পক্ষ থেকেও কিছু উদ্বেগ জানিয়ে সেগুলো বিবেচনার কথা বলা হয়েছে। এগুলো বিবেচনায় নিলে দ্বিপক্ষীয় বাণিজ্য সম্পর্ক আরো নিবিড় হওয়া সম্ভব।'

চিঠিতে উল্লেখ করা উদ্বেগগুলো বিবেচনায় নিলে ইইউ ধরে নেবে মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) করতে যে উদ্যোগ বাংলাদেশ নিয়েছে তার প্রস্তুতি শুরু হয়েছে এবং বিষয়টিকে বাংলাদেশ যথেষ্ট গুরুত্ব দিচ্ছে—এমন মত প্রকাশ করে সংশ্লিষ্ট ওই কর্মকর্তা বণিক বার্তাকে আরো বলেন, 'ইইউর উত্থাপন করা বিষয়গুলোয় বাংলাদেশ যথাযথ গুরুত্ব দিলে তা এফটিএ সহায়ক হবে। অর্থাৎ বাংলাদেশ চ্যালেঞ্জগুলো সমাধানের পথে অগ্রসর হলে এফটিএর জন্য সহায়ক পরিবেশ তৈরি সহজ হবে।'

জানা গেছে, ইইউ আগামী বছরের শেষের দিকে বাংলাদেশসহ বিভিন্ন দেশের সঙ্গে বিজনেস ফোরাম করতে চাচ্ছে। দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক শক্তিশালী করতে সেই ধারাবাহিকতায় বেসরকারি খাতকে অন্তর্ভুক্ত করে বাংলাদেশের সঙ্গেও ফোরাম অনুষ্ঠিত হবে। অন্তর্বর্তী সরকারের হাতে খুব বেশি সময় না থাকায় নতুন সরকার এলে ফোরামের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে ইইউ। সব মিলিয়ে ইইউর চিঠিটি যুক্তরাষ্ট্রের সঙ্গে রেসিপ্রোকাল ট্যারিফ চুক্তিবিষয়ক প্রতিশ্রুতির প্রেক্ষাপটে বিশেষ গুরুত্ব বহন করছে।

বাণিজ্য মন্ত্রণালয়কে দেয়া ইইউ বাংলাদেশ ডেলিগেশনের চিঠিতে ১৩টি চ্যালেঞ্জের মধ্যে ৫০টিরও বেশি বিষয় রয়েছে। ভিন্ন ভিন্ন খাতে বাংলাদেশে ব্যবসা করতে গিয়ে ইইউ সদস্যদেশের সংশ্লিষ্ট কোম্পানিগুলো যেসব সমস্যা মোকাবেলা করছে, সেগুলো সরকারকে জানানো হয়েছে। বর্তমানে অন্তর্বর্তী সরকার সংস্কার কর্মসূচি পরিচালনা করছে। এ কর্মযজ্ঞে ইইউর কোম্পানিগুলোর সমস্যা বিবেচনায় নিলে

এরপর ›› পৃষ্ঠা ৬ কলাম ৪

বণিক বার্তা

03 NOV 2025

তাদের সঙ্গে অর্থনৈতিক সম্পর্ক আরো বেশি অর্থবহ হবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

১৩টি চ্যালেঞ্জের কথা জানিয়ে বাণিজ্য মন্ত্রণালয়কে দেয়া চিঠির অনুলিপি পাঠানো হয়েছে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান বরাবর। চিঠির একটি অনুলিপি বণিক বার্তার হাতে এসেছে।

এ চিঠি অনুযায়ী, ইইউর সঙ্গে বাংলাদেশের বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক উন্নয়নে চিহ্নিত ১৩টি চ্যালেঞ্জের মধ্যে প্রথম পাঁচটি অশুল্ক বাধা-বিষয়ক। পরবর্তী আটটি নিয়ন্ত্রক বা নীতিগত ও অন্যান্য সমস্যা হিসেবে শ্রেণীবদ্ধ করা হয়েছে।

প্রথম চ্যালেঞ্জ হিসেবে সেবা বিনিয়োগ খাতে বিদেশী মালিকানাধীন লজিস্টিক কোম্পানিগুলোর লাইসেন্স নবায়নের জটিলতাকে একটি বড় বাধা হিসেবে উল্লেখ করা হয়েছে। পাশাপাশি ২০১৯ সালের ফ্ল্যাগ ভেসেল প্রটেকশন অ্যাক্ট এবং ২০২৩ সালের সংশ্লিষ্ট বিধিমালা বিদেশী জাহাজ পরিচালনায় সীমাবদ্ধতা তৈরি করেছে বলে জানানো হয়েছে। আরো বলা হয়েছে, কাস্টম হাউজ, সিএফএস/আইসিডি, কিউসি ও বন্ডেড গুদামে বিদেশী সংস্থার প্রবেশে বিধিনিষেধও বাণিজ্যিক কার্যক্রমকে ব্যাহত করছে। এছাড়া নমুনা আমদানির ক্ষেত্রে নির্দিষ্ট সীমা নির্ধারণের কারণে অনেক ইউরোপীয় কোম্পানি নতুন পণ্য বাজারজাতের আগে প্রাথমিক পরীক্ষায় সমস্যায় পড়ছে।

দ্বিতীয় চ্যালেঞ্জ কাস্টমস ও বাণিজ্য সহায়তা-বিষয়ক। এসব ক্ষেত্রে নানা ধরনের জটিলতা রয়েছে উল্লেখ করে ইইউ জানিয়েছে, কাস্টমসে পণ্যের ভুল মূল্যায়ন ও শ্রেণীবিন্যাস, যানবাহন ও বিপজ্জনক পণ্যের ভুল শ্রেণীবিন্যাস, স্মার্ট কার্ডের অতিমূল্যায়ন এবং এইচএস কোডের ত্রুটিপূর্ণ ব্যবহার ইউরোপীয় রফতানিকারকদের জন্য অনিশ্চয়তা তৈরি করছে। এছাড়া অস্থায়ী আমদানি ও পুনরায় রফতানির প্রক্রিয়ায় অতিরিক্ত জটিলতার বিষয়টি জানিয়ে ইইউ বলছে, আমদানির ঘোষণাপত্র প্রক্রিয়ায় অদক্ষতা রয়েছে।

কাস্টমস ক্লিয়ারেন্সে দীর্ঘসূত্রতা, জটিল আমদানি নিবন্ধন ব্যবস্থা, বিল অব এন্ট্রিতে মূল্য সমন্বয়ের সমস্যা এবং দুর্বল তথ্যপ্রযুক্তি সংযোগের ফলে ঘুস ও অনানুষ্ঠানিক খরচের অভিযোগ বাড়ছে। চট্টগ্রাম বন্দরে জাহাজ নোঙরে দীর্ঘ বিলম্বও রফতানিকারকদের জন্য বড় প্রতিবন্ধকতা বলে চিহ্নিত করেছে ইইউ। পাশাপাশি রেলের আইসিডিতে (ইনল্যান্ড কনটেইনার ডিপো) বিলম্ব, বিনামূল্যে সংরক্ষণের সীমিত সুবিধা, বন্দর কর্মকর্তাদের অতিরিক্ত ক্ষমতা, বেসরকারি অপারেটরের সীমিত ভূমিকা এবং অনানুষ্ঠানিক খরচ ইউরোপীয় আমদানিকারকদের মধ্যে অসন্তোষ সৃষ্টি করেছে বলে বাংলাদেশ সরকারকে অবহিত করেছে ইইউ।

চিঠিতে সরকারি ক্রয় বা গভর্নমেন্ট প্রোকিউরমেন্ট বিষয়ে ইইউভুক্ত প্রতিষ্ঠানগুলোর পক্ষে অভিযোগ জানিয়েছে ইইউ। বলা হয়েছে, অনেক ক্ষেত্রে ইউরোপে প্রচলিত সিই মার্কিংয়ের পরিবর্তে যুক্তরাষ্ট্রভিত্তিক এফডিএ সনদ চাওয়া হয়, যা অপ্রয়োজনীয় ও ব্যয়বহুল। পাশাপাশি দরপত্র প্রক্রিয়ায় অনানুষ্ঠানিক খরচ, টেন্ডারে স্থানীয় এজেন্ট বাধ্যতামূলক করা, জালিয়াতির ঝুঁকি এবং লেটার অব ক্রেডিট বা ঋণপত্র নিষ্পত্তিতে বিলম্ব—এসবই সরকারি ক্রয়ে স্বচ্ছতা ও ন্যায্য প্রতিযোগিতাকে ব্যাহত করছে বলে চিঠিতে উল্লেখ করেছে ইইউ।

কৃষি, খাদ্য ও দুগ্ধজাত পণ্য বাংলাদেশে আমদানিতে ইউরোপীয় কোম্পানিগুলো নানা ধরনের জটিলতায় পড়ছে—চতুর্থ চ্যালেঞ্জে এ তথ্য জানিয়েছে ইইউ। এক্ষেত্রে দুধের গুঁড়ায় চর্বির পরিমাণসংক্রান্ত মানদণ্ডের অসামঞ্জস্য, গুঁড়া দুধে বৈষম্যমূলক আমদানি শুল্ক এবং খাদ্য আমদানির জন্য জটিল ও অসমন্বিত প্রযুক্তিগত মানদণ্ড এসব খাতকে প্রতিযোগিতায় পিছিয়ে দিচ্ছে বলে মনে করছে ইইউ। তাছাড়া খাদ্যপণ্যের জন্য পরীক্ষার প্রতিবেদন স্বীকৃত না হওয়া এবং কিছু খাদ্যে বিকিরণ পরীক্ষার বাধ্যবাধকতা আমদানি প্রক্রিয়াকে আরো ধীর করছে।

পঞ্চম চ্যালেঞ্জ হিসেবে ওষুধ শিল্পে ইউরোপীয় বিনিয়োগকারীরা নতুন পণ্য নিবন্ধনে দীর্ঘসূত্রতা ও জটিল প্রক্রিয়ার মুখোমুখি হন বলে অভিযোগ করে ইইউ বলছে, কোম্পানিগুলো ওষুধের দ্বিতীয়-ব্র্যান্ড নিবন্ধনের ক্ষেত্রেও বাধার সম্মুখীন হয়। উদ্ভাবনী (ওরিজিনেটর বায়োলজিক) ওষুধ আমদানির ক্ষেত্রে প্রশাসনিক অনুমোদন না দেয়া এবং আন্তর্জাতিক ফার্মাসিউটিক্যাল অ্যাসোসিয়েশনের আচরণবিধি অনুসরণ না করা ইউরোপীয় কোম্পানির আস্থা কমিয়েছে বলে জানিয়েছে ইইউ।

ষষ্ঠ চ্যালেঞ্জ হিসেবে এভিয়েশন খাতে এয়ারবাস ও বোয়িং ক্রয়সংক্রান্ত স্বচ্ছতা ও ন্যায্য মূল্যায়নের অভাবের অভিযোগ তুলেছে ইইউ। সপ্তম চ্যালেঞ্জ হিসেবে আমদানি পর্যায়ে কর ব্যবস্থায় অতিরিক্ত ন্যূনতম আয়কর, ফেরতযোগ্য নয় এমন অগ্রিম আয়কর (এআইটি), উচ্চ ভ্যাটের দাবি এবং মানসম্মত আমদানিতে উচ্চ কর আরোপের মতো নীতিগত বিষয় বিনিয়োগকে নিরুৎসাহিত করছে বলে চিঠিতে উল্লেখ করেছে ইইউ।

অষ্টম চ্যালেঞ্জ হিসেবে মেধাস্বত্ব অধিকার ও জালিয়াতির বিষয় উল্লেখ করা হয়েছে। চিঠিতে বলা হয়েছে, বাংলাদেশে মেধাস্বত্ব সুরক্ষার প্রয়োগ দুর্বল এবং নকল পণ্যের বিস্তার রফতানি বাজারে ঝুঁকি সৃষ্টি করছে। বীজের মেধাস্বত্ব সুরক্ষায়ও কোনো কার্যকর কাঠামো নেই। একই সঙ্গে বৈদেশিক মুদ্রা লেনদেনে বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন নিষেধাজ্ঞা ইউরোপীয় বিনিয়োগকারীদের জন্য অনিশ্চয়তা তৈরি করছে।

বাংলাদেশের বাইরে যাওয়া রেমিট্যান্স ও মুনাফা প্রত্যাবাসনের ক্ষেত্রে ইউরোপীয় কোম্পানিগুলোর অভিযোগ তুলে ধরা হয়েছে নবম চ্যালেঞ্জে। বলা হয়েছে, শাখা অফিসের মুনাফা প্রত্যাবাসনে বাধা দেয়া হয়। লভ্যাংশ বা লাইসেন্স ফি রেমিট্যান্স পাঠানোর ক্ষেত্রে বিধিনিষেধ রয়েছে। এছাড়া বিদেশী সেবা প্রদানে উচ্চ কর আরোপসহ স্থানীয় ব্যাংকের সঙ্গে এলসি অর্থপ্রদানে বিরোধ, কালো তালিকাভুক্ত ব্যাংকের কারণে এলসি নিশ্চিতকরণ প্রত্যাখ্যানের বিষয়গুলোও উল্লেখ করেছে ইইউ। তারা বলছে, প্রশাসনিক জটিলতার কারণে বহুজাতিক কোম্পানির এলসি খুলতে দেরি হয়। তাছাড়া আন্তঃকোম্পানি ঋণে বিধিনিষেধ বিদেশী বিনিয়োগপ্রবাহে নেতিবাচক প্রভাব ফেলছে।

কর ব্যবস্থা প্রসঙ্গে মূল্যায়নে স্বেচ্ছাচারিতা ও অস্বচ্ছতা রয়েছে বলে মনে করেন ইউরোপীয় ব্যবসায়ীরা। বিষয়টি দশম চ্যালেঞ্জ হিসেবে উল্লেখ করে চিঠিতে বলা হয়েছে, এর ফলে বিনিয়োগকারীরা আর্থিক অনিশ্চয়তার মুখে পড়েন।

একাদশ চ্যালেঞ্জ হিসেবে দ্বৈত করের বিষয়টি উল্লেখ করেছে ইইউ। তারা জানিয়েছে, বাংলাদেশের সঙ্গে স্বাক্ষরিত দ্বৈত কর পরিহার চুক্তি (ডিটিএএ) সঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে না। সেবা ফিতে কর আরোপ, রয়্যালটিতে দ্বিগুণ কর এবং কিছু চুক্তিতে 'প্রযুক্তি সেবার ফি' ধারা না থাকা ইইউ কোম্পানিগুলোর জন্য সমস্যা সৃষ্টি করছে।

ভিসা, ওয়ার্ক পারমিট ও নিবন্ধন প্রক্রিয়াকে দ্বাদশ চ্যালেঞ্জ হিসেবে উল্লেখ করে ইইউ বলছে, ইউরোপীয় নাগরিকদের জন্য প্রক্রিয়াগুলো ধীর ও জটিল। অস্বচ্ছ প্রশাসনিক পরিবেশ ও রাজনৈতিক প্রভাব, দীর্ঘ অনুমোদন প্রক্রিয়া এবং প্রতি বছর ভিসা নবায়নের বাধ্যবাধকতা বিনিয়োগ কার্যক্রমে অনিশ্চয়তা তৈরি করছে।

ত্রয়োদশ চ্যালেঞ্জ হলো বিরোধ নিষ্পত্তি ব্যবস্থা নিয়ে। এক্ষেত্রে ইউরোপীয় বিনিয়োগকারীরা নিরপেক্ষ ও স্বাধীন বাণিজ্যিক বিরোধ নিষ্পত্তি কাঠামোর অভাবের কথা উল্লেখ করেছেন। ব্যবসায়িক বিরোধ নিষ্পত্তিতে স্বচ্ছ, নিরপেক্ষ ও দ্রুত সমাধানের সুযোগ না থাকায় অনেক ইউরোপীয় কোম্পানি বাংলাদেশে বিনিয়োগে সতর্কতা অবলম্বন করছে বলে বাংলাদেশ সরকারকে চিঠিতে জানিয়েছে ইইউ।

পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, দুই বছর ধরে বাংলাদেশ ও ইইউর মধ্যে একটি এগ্রিমেন্ট অন কমপ্রিহেনসিভ পার্টনারশিপ অ্যান্ড কো-অপারেশন (পিসিএ) নিয়ে আলোচনা চলছে। এ বিষয়ে দরকষাকষি প্রায় শেষের দিকে। চুক্তিটি মূলত বাংলাদেশ ও ইইউর মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্কের আইনি কাঠামো। এখানে কোনো সুনির্দিষ্ট বাজার প্রবেশাধিকার নিয়ে কথা নেই। বিভিন্ন খাতে পারস্পরিক সহযোগিতা ও প্রতিশ্রুতি নিয়ে এ চুক্তির আওতায় কথা হচ্ছে। চলতি মাসে পিসিএ নেগোসিয়েশনের পরবর্তী ধাপটি সম্পন্ন হতে পারে, যা এখনো চূড়ান্ত নয়। এদিকে বাংলাদেশ ইইউর সঙ্গে মুক্ত বাণিজ্য চুক্তি করার জন্য প্রস্তুতি শুরু করেছে।

জানতে চাইলে বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব মাহবুবুর রহমান বণিক বার্তাকে বলেন, 'ইইউর পক্ষ থেকে ১৩টি পয়েন্টে নন-ট্যারিফ ব্যারিয়ার এবং রেগুলেটরি ও অন্যান্য বিষয় জানানো হয়েছে। এর মধ্যে সবগুলো নন-ট্যারিফ ব্যারিয়ার না, বরং বাণিজ্য প্রক্রিয়া-বিষয়ক। উদাহরণস্বরূপ চট্টগ্রাম কাস্টম হাউজ থেকে পণ্য খালাসে বিলম্ব—এটা প্রক্রিয়াগত বিষয়, নন-ট্যারিফ হিসেবে ডিফাইন করা যাচ্ছে না। এ ধরনের প্রক্রিয়াগত বিষয় বাদে বাকিগুলো নিয়ে গত সপ্তাহে সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে আলোচনা শেষ করেছি। গৃহীত সিদ্ধান্তগুলো নির্দেশনা আকারে লিখিতভাবে অংশীজনদের জানানোর প্রক্রিয়া শুরু হবে কাল (আজ)-পরশুর মধ্যে।'

যুক্তরাষ্ট্রকে ছাড় দেয়ার পরিপ্রেক্ষিতে অন্যান্য দেশ বা জোট বাণিজ্যে ছাড়ের প্রত্যাশা করছে—বিষয়টিকে কীভাবে দেখেন জানতে চাইলে বাণিজ্য সচিব বলেন, 'রাজস্ব সংবেদনশীলতা যেসব ক্ষেত্রে বেশি সেগুলোতে আমরা কোনো ছাড় দিইনি। অন্যান্য দেশ ছাড়ের কথা বলছে ধারণা থেকে। যুক্তরাষ্ট্র যা চেয়েছে আমরা তার সবকিছু দিইনি। নিজেদের স্বার্থ সুরক্ষা নিশ্চিত করেই দিয়েছি। আর অনেকগুলো বিষয় আমরা ধাপভিত্তিক দিয়েছি। যেমন সময়সীমা দেয়া হয়েছে ৫ বা ১০ বছরের। এ ধরনের ধাপভিত্তিক সুবিধা আমরা অন্যান্য দেশকেও দিতে পারব। রাজস্ব মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে এমন কোনো সুবিধা কোনো দেশকে দেয়া হয়নি, হবেও না। যুক্তরাষ্ট্রকে এমন কোনো সুবিধা দেয়া হয়নি যেটা অন্যান্য দেশ রেফারেন্স হিসেবে ব্যবহার করতে পারে।'

ইউরোপীয় কমিশনের তথ্য বলছে, ২০২৪ সাল শেষে বাংলাদেশ-ইইউ বাণিজ্যের আকার দাঁড়িয়েছে ২ হাজার ২১৮ কোটি ইউরোতে। এর মধ্যে বাংলাদেশ ইইউতে রফতানি করেছে ১ হাজার ৯৮৮ কোটি ইউরোর। আর ইইউ থেকে বাংলাদেশ আমদানি করেছে ২৩০ কোটি ইউরোর। এ হিসেবে বাংলাদেশের সঙ্গে ইইউ সদস্যদেশগুলোর মোট বাণিজ্য ঘাটতি ১ হাজার ৭৫৭ কোটি ইউরোর বেশি। ২০২৩ সাল শেষে বাংলাদেশে ইইউ সদস্যদেশগুলোর প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগের (এফডিআই স্টক) স্থিতি ২ দশমিক ১ বিলিয়ন ইউরো।

জানতে চাইলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সুবর্ণ বড়ুয়া বণিক বার্তাকে বলেন, 'যুক্তরাষ্ট্রকে বহুমুখী বাণিজ্য সুবিধা দেয়ার বিপরীতে ইইউর এমন আহ্বান অত্যন্ত স্বাভাবিক। ইইউ বাংলাদেশের বৃহত্তর রফতানি বাজার। বাংলাদেশ এখন এলডিসি উত্তরণ-পরবর্তী সময়ে বৈশ্বিক বাজারে, বিশেষ করে ইইউতে নতুন বাণিজ্য শর্তাবলির মুখোমুখি হচ্ছে। যেমন এলডিসি উত্তরণ-পরবর্তী ইইউ বাংলাদেশকে এভ্রিথিং বাট আর্মস (ইবিএ) স্কিম সুবিধা আর দেবে না। এ প্রেক্ষাপটে ইইউর পক্ষ থেকে চাওয়ার চাপ বেশি থাকবেই এবং ধারণা করা যায় তার বিপরীতে বাংলাদেশকে বেশ ছাড় দিতে হবে। তথাপি একটি আধুনিক, ভারসাম্যপূর্ণ ও ভবিষ্যৎমুখী বাণিজ্য ও বিনিয়োগ চুক্তি আমরা চাই যা উভয় পক্ষের জন্যই লাভজনক হবে। যেখানে প্রদত্ত ছাড়ের বিপরীতে জিএসপি প্লাসের মতো সুবিধাগুলো যেন আদায় করে নেয়া যায় অথবা ইইউর সঙ্গে একটি নতুন ফ্রি বা প্রেফারেনশিয়াল ট্রেড এগ্রিমেন্ট যেন করা যায়। এজন্য আলোচনার টেবিলে বসা এবং যৌথভাবে একটি ন্যায্য কাঠামো নির্ধারণ করা হবে সবচেয়ে গঠনমূলক পদক্ষেপ।'